Office of the Registrar
University of Barishal
Barishal-8254, Bangladesh
☏+880244821004, +8801772991515
Web: https://bu.ac.bd. e-mail: registrar@bu.ac.bd

রেজিস্ট্রারের কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
বরিশাল-৮২৫৪, বাংলাদেশ
☏+৮৮০২৪৪৮২১০০৪, + ৮৮০১৭৭২৯৯১৫১৫
web: https://bu.ac.bd. e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৫-২০২৬/৬৮৪/৫২৬২

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

# বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে কোটায় ভর্তির নোটিস

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমাদানের মাধ্যমে প্রাথমিক ভর্তি নিশ্চিতকরণপূর্বক যারা বরিশাল বিশ্ববিদ্যালয়ে কোটায় চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত হয়েছে তাদেরকে আগামী **০৮/০৭/২০২৬, ০৯/০৭/২০২৬, ১২/০৭/২০২৬ ও ১৩/০৭/২০২৬** তারিখে নিম্নের নির্দেশনা অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই সময়সীমার মধ্যে কোনো শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

**প্রয়োজনীয় নির্দেশনা:**

১) ক) ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সম্বলিত মূল প্রবেশপত্র এবং এসএসসি ও এইচএসসির পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্টদ্বয় প্রদর্শন করে ডিন অফিস থেকে সংযুক্ত হলের নাম উল্লেখসহ ভর্তি ফরম ও ০২ (দুই) টি পে-স্লিপ (মূল ভর্তির পে-স্লিপ ও হল ফি জমাদানের পে-স্লিপ) সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপদ্বয় যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, মুল প্রবেশপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদের ফটোকপি, চয়েস ফরমের প্রিন্টআউটের মূল কপি এবং রক্তের গ্রুপের ল্যাবরেটরি রিপোর্টসহ ফরমের যথাস্থানে এক কপি সাম্প্রতিক তোলা রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাপলারের মাধ্যমে সংযুক্ত করে সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখায় গমন করে নিম্নলিখিত (খ) এ বর্ণিত ফিসমূহ জমাদান করবে। এছাড়াও ফরমের সাথে কোটার স্বপক্ষে নিম্নলিখিত কাগজপত্রাদির ফটোকপি সংযুক্ত করতে হবে।

i. FFQ – মুক্তিযোদ্ধা (সন্তান) কোটা: মুক্তিযোদ্ধার মূল সনদ, আবেদনকারীর জন্মনিবন্ধন/NID।
ii. PDQ - প্রতিবন্ধী বা বিশেষ চাহিদা সম্পন্ন কোটা: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মূল সার্টিফিকেট/সুবর্ণ নাগরিক কার্ড।
iii. SEQ - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটা: জেলা প্রশাসক বা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট।
iv. BKSP- বিকেএসপি (খেলোয়াড়) কোটা: বিকেএসপি-এর মূল সনদ।
v. HDQ – হরিজন ও দলিত কোটা: জেলা প্রশাসক/ উপজেলা পরিষদ/নিজ সম্প্রদায় প্রদত্ত মূল সার্টিফিকেট।
vi. WQ- পোষ্য কোটা: বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

খ) ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার একশত পঞ্চাশ) টাকা থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাথমিক ভর্তি নিশ্চায়নে পরিশোধিত হয়েছে বিধায় অবশিষ্ট ১০,১৫০/- (দশ হাজার একশত পঞ্চাশ) টাকা এবং হল ফি বাবদ ১,১০০/- (এক হাজার একশত) টাকা সোনালী ব্যাংক বরিশাল বিশ্ববিদ্যালয় শাখায় জমা প্রদান করতে হবে । উল্লেখ্য, প্রকৌশল অনুষদ, বিজ্ঞান অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত ল্যাব ফি যুক্ত হবে। ব্যাংকে ভর্তি ফি সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত জমাদান করা যাবে।

গ) বিভাগ উন্নয়ন ফি এবং ল্যাব ফি বিভাগ কর্তৃক নির্দেশিত সময়ে বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।

ঘ) ব্যাংকে টাকা জমাদান সম্পন্ন হওয়ার পরে শিক্ষার্থী ভর্তি ফরম, হল ফি জমাদানের পে-স্লিপের অংশসহ তার সংযুক্ত হল অফিসে গমন করবে এবং হল অফিসে হল ফি জমাদানের পে-স্লিপ প্রদান করে ভর্তি ফরমে সংশ্লিষ্ট হল প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করবে।

ঙ) হল অফিসের কার্যক্রম শেষ করে শিক্ষার্থীকে মূল ভর্তি ফি জমাদানের পে-স্লিপ, এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের মূলকপি ও এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট এবং কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্রের মূলকপিসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান মহোদয়গণের নিকট সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে এবং শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি'র ট্রান্সক্রিপ্টদ্বয় একটি A4 সাইজের খামে ভরে খামের উপরে শিক্ষার্থীর নাম, জিএসটি রোল, মেধাক্রম, ইউনিট, বিভাগের নাম ও ফোন নম্বর উল্লেখপূর্বক জমা দিতে হবে।

চ) যারা GST গুচ্ছভুক্ত অন্য বিশ্ববিদ্যালয়সমূহে তাদের মূল ট্রান্সক্রিপ্টদ্বয় (এসএসসি ও এইচএসসি) প্রাথমিক ভর্তির সময় জমাদান করেছে তারা Document Transfer এর মাধ্যমে ট্রান্সক্রিপ্টদ্বয় সংগ্রহপূর্বক বরিশাল বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির সময় জমাদান করবে।

Office of the Registrar
University of Barishal
Barishal-8254, Bangladesh
+880244821004, +8801772991515
Web: https://bu.ac.bd. e-mail: registrar@bu.ac.bd

**রেজিস্ট্রারের কার্যালয়**
বরিশাল বিশ্ববিদ্যালয়
বরিশাল-৮২৫৪, বাংলাদেশ
+৮৮০২৪৪৮২১০০৪, + ৮৮০১৭৭২৯৯১৫১৫
web: https://bu.ac.bd. e-mail: registrar@bu.ac.bd

উল্লেখ্য, যারা বরিশাল বিশ্ববিদ্যালয়ে তাদের মূল ট্রান্সক্রিপ্টদ্বয় (এসএসসি ও এইচএসসি) জমাদান করেছে, তারা ট্রান্সক্রিপ্টদ্বয় জমাদানের মূল রশিদ প্রদর্শন করবে এবং ভর্তি ফরমের সাথে এর ফটোকপি জমাদান করবে।

ছ) বিভাগের সংশ্লিষ্ট শিক্ষক উপরিল্লিখিত কাগজপত্রের ফটোকপিসমূহ মূল কাগজপত্র দেখে যাচাই-বাচাই করে সত্যায়ন করবেন।

**বি. দ্র. ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষ ১ম সেমিস্টার ক্লাস কার্যক্রম ১৫ জুলাই ২০২৬ তারিখে শুরু হবে।**

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

০৭.০৭.২৬

(মোঃ হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৫-২০২৬/৬৮৪/৫২৬২

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতানুসারে নয়):

১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। প্রভোস্ট, সকল হল, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৫। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৫-২৬, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
৬। ফোকাল পয়েন্টবৃন্দ 'ক', 'খ' ও 'গ' ইউনিট ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৫-২৬, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। ম্যানেজার, সোনালি ব্যাংক পিএলসি, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৯। নথি/মহানথি।

০৭.০৭.২৬

(মোঃ মিলন)
ডেপুটি রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়